

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০২.০১৩.২০১৩- ১২৫

তারিখঃ ১৫/০৬/২০১৪ খ্রিষ্টাব্দ
০১/০৩/১৪২১ বঙ্গাব্দ

বিষয়ঃ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম কার্যালয়ে আউট সোর্সিং এর মাধ্যমে ২০১৩-২০১৪ অর্থ বছরে ৩৬টি পদে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (২) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-০৪/চুক্তি-ভিত্তিক নিয়োগ/০৮/৫৭০৫, তারিখঃ ১৮/১১/২০১৩ খ্রিঃ।
(২) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম কার্যালয়ের স্মারক নং-চজেহা/প্রশা-২০১৪/৩৯৮, তারিখঃ ০৯/০৪/২০১৪ খ্রিঃ।
(৩) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-০৪/চুক্তি-ভিত্তিক নিয়োগ/০৮/৫৭০৫, তারিখঃ ১৮/১১/২০১৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ১নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম কার্যালয়ের ৪র্থ শ্রেণির মোট ৩৬(ছত্রিশ)টি পদে আউট সোর্সিং এর মাধ্যমে ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। ঠিকাদার এর মাধ্যমে নিয়োগকৃত জনবলের বেতন ভাতা প্রদানে জটিলতা দেখা দেয়ায় উক্ত হাসপাতাল কর্তৃক ২নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে ২০১৩-২০১৪ অর্থ বছরসহ ২০১৪-২০১৫ অর্থ বছরে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের বিষয়ে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন চাওয়া হলে এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের নিকট মন্ত্রণালয় কর্তৃক ব্যাখ্যা চাওয়া হয়। ৩নং সূত্রোক্ত স্মারকের মাধ্যমে অধিদপ্তর কর্তৃক প্রদত্ত জবাব যৌক্তিক নয় মর্মে প্রতীয়মান। কারণ আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের বিষয়টি একমাত্র মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত। মন্ত্রণালয়ের এখতিয়ারভুক্ত বিষয় হওয়া সত্ত্বেও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম ও টাঙ্গাইল ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক ১৮/১১/২০১৩ তারিখের ৫৭০৫ সংখ্যক স্মারকে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম কার্যালয়ে ৩৬টি পদে আউট সোর্সিং এর মাধ্যমে ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন প্রদান করায় উক্ত আদেশ বাতিল করার জন্য এবং ভবিষ্যতে মন্ত্রণালয়ের এখতিয়ারাধীন বিষয়ে অনুমোদন প্রদান হতে বিরত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।

অনুলিপিঃ

- ১। সিভিল সার্জন, চট্টগ্রাম ও তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম।
- ২। তত্ত্বাবধায়ক, টাঙ্গাইল ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, টাঙ্গাইল।
৩. উপসচিব, পার-৪ অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. সিনিয়র সহকারী সচিব, প্রকল্প বাস্তবায়ন-১ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. মুহাসচিব(প্রশাসন) মহোদয়ের বাণিজ্যিক কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।